(

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি বিশ্ববিদ্যালয় (শা:-১)
*www.shed.gov.bd*

নং-শিম/শাঃ১৭/১০এম-৩/২০০৮-৪২ তারিখঃ ১২ ফাল্গুন ১৪২৭ / ২৫ ফেব্রুয়ারি ২০২১

প্রাপক: Dr Sandeep Ananthanarayanan
CEO, Eduko Bangladesh Ltd
(STS Group)

**বিষয়ঃ Monash College (Australia) Study Centre, Bangladesh স্থাপন ও পরিচালনার সাময়িক অনুমতি প্রদান।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে 'বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০' এর ৩(২) ও ৩৯ ধারা অনুযায়ী 'বিদেশী বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানের শাখা ক্যাম্পাস বা স্টাডি সেন্টার পরিচালনা বিধিমালা, ২০১৪' এর ৭ নং বিধির নিম্নলিখিত শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে প্রস্তাবিত Monash College (Australia) Study Centre, Bangladesh স্থাপন ও পরিচালনার সাময়িক অনুমতি প্রদান করা হলো:

<u>শর্তসমূহ:</u>

১.১ প্রস্তাবিত স্টাডি সেন্টার বেসরকারি বিশ্ববিদ্যালয় আইন, ২০১০ এবং বিদেশী বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানের শাখা ক্যাম্পাস বা স্টাডি সেন্টার পরিচালনা বিধিমালা, ২০১৪ এ বর্ণিত সকল বিধি-বিধান ও শর্ত মেনে চলবে;

১.২ শাখা ক্যাম্পাস বা স্টাডি সেন্টার স্থাপন ও পরিচালনার জন্য নিজস্ব অথবা ভাড়াকৃত ভবনে কমপক্ষে ২৫,০০০ (পঁচিশ হাজার) বর্গফুট ফ্লোর এলাকা এবং প্রত্যেক শিক্ষার্থীর স্থান সংকুলান হয় এমন পর্যাপ্ত পরিমাণে শ্রেণিকক্ষ থাকতে হবে;

১.৩ স্টাডি সেন্টার স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে নিজস্ব অথবা ভাড়াকৃত ভবনে অন্যূন ১০,০০০ (দশ হাজার) বর্গফুট ফ্লোর এলাকা এবং প্রত্যেক শিক্ষার্থীর স্থান সংকুলান হয় এমন পর্যাপ্ত পরিমাণে শ্রেণিকক্ষ থাকতে হবে;

১.৪ আইনের ধারা ৬ এর উপ-ধারা (৬) এর বিধান সাপেক্ষে প্রত্যেক বিভাগ, প্রোগ্রাম বা কোর্সের জন্য নির্ধারিত সংখ্যক পূর্ণকালীন শিক্ষক নিয়োগ করতে হবেঃ

তবে শর্ত থাকে যে, কোন বিভাগ, প্রোগ্রাম বা কোর্সের প্রকৃতি বিবেচনায় প্রয়োজনে খন্ডকালীন শিক্ষক নিয়োগ করা যাবে;

আরও শর্ত থাকে যে, খন্ডকালীন শিক্ষক নিয়োগ করলে মোট শিক্ষকের এক-তৃতীয়াংশের বেশি হতে পারবে না;

১.৫ শাখা ক্যাম্পাসের ক্ষেত্রে প্রত্যেক বিভাগীয় প্রধানসহ সকল শিক্ষকের জন্য অফিস কক্ষ থাকতে হবে;

১.৬ অন্যূন ১,৫০০ (পনের শত) বর্গফুটের লাইব্রেরী (অন্যূন ২,০০০ ভলিউমসহ) ও শিক্ষার্থী সংখ্যা বিবেচনাক্রমে উপযুক্ত সংখ্যক ল্যাবরেটরী থাকতে হবে;

১.৭ বিদেশী বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম সম্পর্কিত কমিশন কর্তৃক অনুমোদিত একটি পরিকল্পনা থাকতে হবে;

১.৮ অবকাঠামো নির্মাণ ও শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে সুযোগ সুবিধা বিনির্মাণে যে অর্থ ব্যয় হয়েছে বা ব্যয় হবে বলে প্রাক্কলিত হয়েছে, তাতে বিদেশী বিশ্ববিদ্যালয় বা উদ্যোক্তা বা স্থানীয় প্রতিনিধির অংশের দেশী ও বিদেশী মুদ্রার অনুপাতের হার ও তদসম্পর্কিত প্রত্যয়নকৃত তথ্য;

১.৯ শিক্ষার্থী ভর্তি ফি, টিউশন ফি, ক্রেডিটের সংখ্যা, সেমিস্টারের অ্যাক্টিভিটি ফি এবং অন্যান্য ফি বাবদ ধার্য্যকৃত অর্থের মধ্যে উদ্যোক্তা, স্থানীয় প্রতিনিধি ও বিদেশী বিশ্ববিদ্যালয়ের আনুপাতিক অংশহারের তথ্য;

চলমান পাতা

১.১০ উদ্বৃত্ত অর্থ সম্পদ উদ্যোক্তা, স্থানীয় প্রতিনিধি ও বিদেশী বিশ্ববিদ্যালয়ের মধ্যে আনুপাতিক হারে বিভাজিত হতে হবে;

১.১১ কমিশন কর্তৃক নির্ধারিত ৩ (তিন) সদস্য সমন্বয়ে একটি বোর্ড অব ট্রাস্টিজ থাকতে হবে;

১.১২ পর্যাপ্ত সংখ্যক শ্রেণিকক্ষ, লাইব্রেরী, ল্যাবরেটরী, মিলনায়তন, সেমিনার কক্ষ, অফিস কক্ষ, শিক্ষার্থীদের পৃথক কমনরুম এবং প্রয়োজনীয় সকলের বসার জন্য পর্যাপ্ত স্থান ও অবকাঠামো থাকতে হবে;

১.১৩ পাঠ্য তালিকায় কম্পিউটার সায়েন্স, ইঞ্জিনিয়ারিং বা প্রকৌশল বিষয় অন্তর্ভুক্ত থাকলে প্রতি ৫ (পাঁচ) জন শিক্ষার্থীর জন্য একটি কম্পিউটার এবং প্রাসঙ্গিক যন্ত্রপাতিসহ ল্যাবরেটরী স্থাপন করতে হবে এবং বিনা ফিসে বা ন্যূনতম খরচে ইন্টারনেট সুবিধা প্রদান করতে হবে;

১.১৪ নিয়োগ প্রাপ্ত শিক্ষক, কর্মকর্তা বা কর্মচারী এবং নিয়োগ কর্তৃপক্ষের মধ্যে সম্পাদিত চুক্তিনামা ও নিয়োগপত্রের কপি;

১.১৫ শিক্ষার্থী ভর্তি করার ক্ষেত্রে ভর্তির যোগ্যতা, ভর্তি ফি, টিউশন ফি, অ্যাক্টিভিটি ফি ও মডারেশন ফিসহ, প্রোগ্রাম বা কোর্সের সর্বমোট খরচের তালিকা সংবলিত একটি পুস্তিকা প্রকাশ, যা ওয়েবসাইটেও সংযোজন করতে হবে;

১.১৬. কোম্পানি আইন, ১৯৯৪ এর বিধান অনুসারে রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্ম হতে অনুমোদন গ্রহণ সংক্রান্ত দলিল, আয়কর ও ভ্যাট পরিশোধ সংক্রান্ত প্রমাণপত্রের কপি থাকতে হবে।

২.০ বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন উল্লিখিত শর্তাবলী যথাযথভাবে প্রতিপালনের বিষয়টি নিশ্চিত করবে এবং 'বিদেশী বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠানের শাখা ক্যাম্পাস বা স্টাডি সেন্টার পরিচালনা বিধিমালা, ২০১৪' এর ৮ নং বিধি অনুযায়ী সরকারের নিকট একটি প্রতিবেদন দাখিল করবে।

স্বা/-

(শামিমা বেগম)
উপসচিব (বে.বি-১)
ফোন নং- ৯৫৪৯১৭৬

নং-শিম/শাঃ১৭/১০এম-৩/২০০৮-৪২

তারিখঃ ১২ ফাল্গুন ১৪২৭ / ২৫ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০২। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
০৩। চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শেরে বাংলানগর, আগারগাঁও, ঢাকা।
০৪। চেয়ারম্যান, বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিল, ৫১-৫২ গ্রীন ডেল্টা এইমস টাওয়ার (লেভেল-১০), মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১২।
০৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)।
০৯। অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়) এর ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

২৫/০২/২০২১

(শামিমা বেগম)
উপসচিব (বে.বি-১)